



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ১৯ নভেম্বর ২০১৭

প্রেস বিজ্ঞপ্তি

শহীদ রূপক চাকমার মায়ের মৃত্যুতে শোক প্রকাশ

পাহাড়ি ছাত্র পরিষদ(পিসিপি)-এর কেন্দ্রীয় সাবেক সভাপতি ও ইউপিডিএফ'র সংগঠক শহীদ রূপক চাকমার মা রঞ্জিলা চাকমা আজ রবিবার (১৯ নভেম্বর ২০১৭) দুপুর পৌনে ১২টায় খাগড়াছড়ি সদরের অনন্ত মাষ্টার পাড়ার নিজ বাড়িতে মৃত্যুবরণ করেছেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৮১ বছর। দীর্ঘদিন ধরে তিনি বার্ষিক্যজনিত বিভিন্ন রোগে ভুগছিলেন বলে তাঁর স্বামী বিমলেন্দু চাকমা জানিয়েছেন।

তাঁর মৃত্যুতে ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট(ইউপিডিএফ)-এর কেন্দ্রীয় সদস্য ও খাগড়াছড়ি জেলা ইউনিটের প্রধান সংগঠক সচিব চাকমা সংবাদ মাধ্যমে দেয়া এক বিবৃতিতে গভীর শোক প্রকাশ করেছেন এবং শোক সন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জানিয়েছেন।

জাতির অস্তিত্ব রক্ষার সংগ্রামে রূপক চাকমা'র মায়ের অবদান উল্লেখ করে সচিব চাকমা বলেন, মায়ের পরম স্নেহ-ভালোবাসা ও অনুপ্রেরণা নিয়ে শহীদ রূপক চাকমা জাতীয় মুক্তির সংগ্রামে সামিল হয়েছিলেন এবং নিজেকে আত্মবলিদান দিতেও কুণ্ঠাবোধ করেননি।

তিনি রূপক চাকমা'র মায়ের মতো প্রতি মা'কে সমাজ ও জাতির অস্তিত্ব রক্ষার সংগ্রামে অনুপ্রেরণা যোগানোর জন্য আহ্বান জানিয়েছেন।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।